

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
এনএসসি টাওয়ার(১২ তলা)  
৬২/৩ পুরানা পল্টন  
ঢাকা-১০০০।

তারিখ : ১০ ভাদ্র, ১৪১৭ বঙ্গাব্দ  
২৫ আগস্ট, ২০১০ খ্রিস্টাব্দ

এমআরএ/রেগুলেশন সার্কুলার নং- ৪/২০১০-২০১১

এমআরএ সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে সনদের কপি প্রদর্শন ও  
সাইনবোর্ডে সনদ নম্বর উল্লেখকরণ প্রসঙ্গে।

এই মর্মে সংশ্লিষ্ট সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে নির্দেশ প্রদান করা যাচ্ছে যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্তৃক সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহকে সনদের কপি প্রধান কার্যালয়সহ সকল শাখা কার্যালয়ে সহজে দৃষ্টি গোচর হয় এমনস্থানে প্রদর্শন করে রাখতে হবে। এতদ্ব্যতীত প্রতিষ্ঠানের নামাংকিত সাইনবোর্ডে “মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি হতে সনদপ্রাপ্ত, সনদ নং.....।” উল্লেখ করতে হবে।

উপরোক্ত নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

*(স্বাক্ষর)*  
(সুতপা চৌধুরী)  
উপ-পরিচালক

অনুলিপি নং- এমআরএ/রেগু-৮/২০১০-২০১১-২৫২৫

তারিখ: - ঐ -

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

- ১। গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
- ৪। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
- ৫। রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক এন্ড কোম্পানীজ, ঢাকা।
- ৬। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৭। সকল জেলা প্রশাসক।

(সুতপা চৌধুরী)  
উপ-পরিচালক